গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ৯৯/২০১৮-১৯

ঢাকা, রোববার ১৮ নভেম্বর ২০১৮, ৪ অগ্রহায়ণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। পর্যবেক্ষক সংস্থাকে ব্রিফিং করতে যাচ্ছে নির্বাচন কমিশন

ভোট পর্যবেক্ষণ করতে চাইলে ২১ নভেম্বরের মধ্যে জানাতে হবে

২। নিরপেক্ষতা বজায় রেখে দায়িত্ব পালনে নির্বাচনি কর্মকর্তাদের নির্দেশ ইসির

৩। বিএনপি কার্যালয়ের সামনে সহিংসতার প্রতিবেদন চেয়ে পুলিশকে চিঠি দিয়েছে নির্বাচন কমিশন

৪। পোস্টার-ব্যানার অপসারণের সময় শেষ আজ

৫। ভোট উৎসবের দিন হবে ৩০ ডিসেম্বর : ইসি সচিব

৬। লেভেল প্লেয়িং ফিল্ড তৈরির দায়িত্ব এখন ইসির : সেতুমন্ত্রী

৭। প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষা শুরু আজ

৮। সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে সেনানিবাসে ২১ নভেম্বর যান চলাচল সীমিত থাকবে

৯। জাতিসংঘে মিয়ানমারের বিরুদ্ধে নিন্দা প্রস্তাব পাস
রোহিঙ্গাদের নাগরিকত্ব দেওয়ার আহ্বান

১০। বাসস'র ব্যবস্থাপনা সম্পাদক সাংবাদিক শাহরিয়ার শহীদের ইন্তেকাল :
রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

চলমান পাতা-২

১। **পর্যবেক্ষক সংস্থাকে ব্রিফিং করতে যাচ্ছে নির্বাচন কমিশন**
**ভোট পর্যবেক্ষণ করতে চাইলে ২১ নভেম্বরের মধ্যে জানাতে হবে**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নিবন্ধিত পর্যবেক্ষক সংস্থাকে সার্বিক পরিস্থিতি ব্রিফিং করতে যাচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। আগামী ২০ নভেম্বর নির্বাচন ভবনে নিবন্ধিত সংস্থাগুলোর সঙ্গে বৈঠক অনুষ্ঠিত হবে। ভোট পর্যবেক্ষণ করতে চাইলে আগামী ২১ নভেম্বরের মধ্যে পর্যবেক্ষকদের ইসিতে আবেদন করতে হবে। আর বিদেশি পর্যবেক্ষকরা পর্যবেক্ষণ করতে চাইলে পররাষ্ট্র মন্ত্রণালয় আবেদন যাচাই করে ভিসা প্রক্রিয়ায় সহায়তা করবে। ইসি সচিব হেলালুদ্দীন আহমদ বলেন, দেশি পর্যবেক্ষকদের পর্যবেক্ষণে আবেদন আহ্বান করা হয়েছে। বিদেশি পর্যবেক্ষকদের জন্য আলাদা কোনো আবেদন আহ্বান করা হবে না। তবে সার্কভুক্ত ফেমবুসার সদস্য রাষ্ট্রের নির্বাচন কমিশনকে দুই থেকে তিনজন প্রতিনিধি পাঠানোর জন্য আমন্ত্রণ জানানো হবে। এর বাইরে বিদেশিরা কেউ চাইলে ইসিতে আবেদন করতে পারেন। সেই আবেদন পররাষ্ট্র মন্ত্রণালয়ে ভেটিংয়ের জন্য পাঠানো হবে। তারপর ভিসাসহ সার্বিক বিষয়ে মন্ত্রণালয় সহযোগিতা করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৬)।

২। **নিরপেক্ষতা বজায় রেখে দায়িত্ব পালনে নির্বাচনি কর্মকর্তাদের নির্দেশ ইসির**

দলমত নির্বিশেষে নিরপেক্ষতা বজায় রেখে দায়িত্ব পালনের জন্য নির্বাচনি কর্মকর্তাদের প্রতি নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। নির্বাচন কমিশনার শাহাদত হোসেন চৌধুরী বলেন, জাতীয় নির্বাচনে কোনো কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ উঠলে তার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। যেহেতু এবারের নির্বাচন অংশগ্রহণমূলক হচ্ছে তাই নির্বাচনও হবে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ বলে উল্লেখ করেন তিনি। গতকাল (১৭ নভেম্বর শনিবার) ঢাকার আগারগাঁওয়ে নির্বাচন প্রশিক্ষণ ভবনে একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রশিক্ষকদের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ হুঁশিয়ারি উচ্চারণ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

৩। **বিএনপি কার্যালয়ের সামনে সহিংসতার প্রতিবেদন চেয়ে পুলিশকে চিঠি দিয়েছে নির্বাচন কমিশন**

রাজধানীর নয়াপল্টনে বিএনপি কার্যালয়ের সামনে পুলিশের সঙ্গে বিএনপির নেতাকর্মীদের সংঘর্ষ, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনার প্রতিবেদন পুলিশের কাছে চেয়েছে নির্বাচন কমিশন (ইসি)। ঐ সময়ের তোলা ছবি, ভিডিও ও অন্যান্য তথ্য প্রমাণাদিও চাওয়া হয়েছে। পাশাপাশি এ ঘটনায় কাউকে হয়রানি না করতে পুলিশকে নির্দেশ দেওয়া হয়েছে। এ বিষয়ে জানতে চাওয়া হলে গতকাল (১৭ নভেম্বর শনিবার) নির্বাচন কমিশন সচিব হেলালুদ্দীন আহমদ পুলিশের কাছে চিঠি পাঠানোর বিষয়টি নিশ্চিত করেছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.১)।

৪। **পোস্টার-ব্যানার অপসারণের সময় শেষ আজ**

নির্বাচনের প্রচারে ব্যানার, বিলবোর্ড, পোস্টারসহ বিভিন্ন সামগ্রী সরিয়ে নেওয়ার সময় শেষ হচ্ছে আজ (১৮ নভেম্বর রোববার)। মধ্যরাতের মধ্যে এসব প্রচারসামগ্রী নিজ নিজ প্রার্থীকে সরিয়ে নিতে হবে। পাশাপাশি সিটি কর্পোরেশন, পৌরসভাসহ স্থানীয় সরকার প্রতিষ্ঠানকেও এসব সরাতে বলা হয়েছে। গতকাল (১৭ নভেম্বর শনিবার) রাজধানীর বিভিন্ন স্থানে পোস্টার, ব্যানার অপসারণ করতে দেখা গেছে। এ বিষয়ে ইসির কর্মকর্তারা জানান, আচরণ বিধিমালা অনুযায়ী, ভোটের নির্ধারিত তারিখের ২১ দিন আগে কোনো ধরনের প্রচার চালানো যাবে না। এছাড়া প্রচারসামগ্রী হবে সাদাকালো। এসব বিধান অনুসারে সব ধরনের আগাম প্রচারসামগ্রী তুলে ফেলতে বলা হয়েছে। প্রথমে ১৫ নভেম্বরের মধ্যে এসব প্রচারসামগ্রী তুলে ফেলতে বলা হয়েছিল। পরে পুনঃতফসিল হওয়ায় তিন দিন বাড়িয়ে ১৮ নভেম্বর নির্ধারণ করা হয়েছে। এরপরও কেউ প্রচারসামগ্রী অপসারণ না করলে তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.২)।



৫। **ভোট উৎসবের দিন হবে ৩০ ডিসেম্বর : ইসি সচিব**

আগামী ৩০ ডিসেম্বর ভোট উৎসবের দিনে পরিণত হবে বলে আশা করছেন নির্বাচন কমিশন সচিব হেলালুদ্দীন আহমদ। তিনি বলেন, সব দলের অংশগ্রহণে একটি সুন্দর, অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠিত হবে।

যে নির্বাচন হবে উৎসবমুখর পরিবেশে। আমাদের দেশের ভোটাররা ভোটকে উৎসব হিসেবে নেন। গতকাল (১৭ নভেম্বর শনিবার) চট্টগ্রাম লোকপ্রশাসন প্রশিক্ষণকেন্দ্রে নির্বাচন পর্যবেক্ষকদের নিয়ে আয়োজিত অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

**৬। লেভেল প্লেয়িং ফিল্ড তৈরির দায়িত্ব এখন ইসির : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, লেভেল প্লেয়িং ফিল্ড তৈরির দায়িত্ব এখন সরকারের হাতে নেই। এটা নির্বাচন কমিশনের হাতে চলে গেছে। এটা নিশ্চিত করবে নির্বাচন কমিশন। গতকাল (১৭ নভেম্বর শনিবার) রাজধানীর একটি হোটেলে আয়োজিত সেমিনারে অংশগ্রহণের পর সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। এর আগে বাংলাদেশে সড়ক যোগাযোগ, রেলওয়ে, বিদ্যুৎ, বিমানবন্দরসহ কয়েকটি খাতে চীনা প্রতিষ্ঠান সিআইটিআইসি কনস্ট্রাকশন কোম্পানির বিনিয়োগের বিষয়ে আলোচনা করেন মন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইনকিলাব** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

**৭। প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষা শুরু আজ**

প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা আজ (১৮ নভেম্বর রোববার) থেকে শুরু হচ্ছে। এবার দু'টি পরীক্ষায় মোট পরীক্ষার্থী ৩০ লাখ ৯৫ হাজার ১২৩ জন। এর মধ্যে প্রাথমিক সমাপনীতে ২৭ লাখ ৭৭ হাজার ২৭০ জন ও ইবতেদায়িতে তিন লাখ ১৭ হাজার ৮৫৩ জন। প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনীতে আজ ইংরেজি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিটি পরীক্ষা সকাল সাড়ে ১০টা থেকে শুরু হবে। পরীক্ষার মোট সময় তিন ঘণ্টা। তবে বিশেষ চাহিদাসম্পন্ন পরীক্ষার্থীদের জন্য অতিরিক্ত ৩০ মিনিট সময় বেশি রাখা হয়েছে। পরীক্ষা শেষ হবে আগামী ২৬ নভেম্বর। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)।

**৮। সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে সেনানিবাসে ২১ নভেম্বর যান চলাচল সীমিত থাকবে**

সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে আগামী ২১ নভেম্বর ঢাকা সেনানিবাসে বিভিন্ন কর্মসূচি পালন করা হবে। সেদিন শহীদ জাহাঙ্গীর গেট থেকে স্টাফ রোড পর্যন্ত সড়ক যানজটমুক্ত রাখতে ঐ এলাকায় যান চলাচলে বিধিনিষেধ আরোপ করা হয়েছে। সাধারণ যানবাহনগুলোকে সকাল ৭টা থেকে সাড়ে ১০টা এবং দুপুর ১২টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত সেনানিবাস এলাকা পরিহারের জন্য অনুরোধ করা হয়েছে। তবে সেনানিবাসে অবস্থানকারী ব্যক্তি ও আমন্ত্রিত অতিথিদের যান এর আওতায় পড়বে না। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.২), **সংবাদ** (পৃ.২,ক.৭), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৮)।

**৯। জাতিসংঘে মিয়ানমারের বিরুদ্ধে নিন্দা প্রস্তাব পাস**
**রোহিঙ্গাদের নাগরিকত্ব দেওয়ার আহ্বান**

রোহিঙ্গাদের মিয়ানমারের নাগরিকত্ব দেওয়ার আহ্বান জানিয়ে প্রস্তাব পাস করেছে জাতিসংঘ। গতকাল (১৭ নভেম্বর শনিবার) জাতিসংঘের সাধারণ পরিষদের মানবাধিকার বিষয়ক কমিটিতে (থার্ড কমিটি) প্রস্তাবটি পাস হয়। প্রস্তাবে রোহিঙ্গা নিপীড়ন ও মানবাধিকার লঙ্ঘনের দায়ে মিয়ানমারের বিরুদ্ধে নিন্দা জানায় জাতিসংঘ।

মুসলিম দেশগুলোর জোট ওআইসির পক্ষে বাংলাদেশ ও ইউরোপের জোট ইইউর পক্ষে অস্ট্রিয়া যৌথভাবে এ প্রস্তাবটি তুললে ১৪২-২৬ ভোটে পাস হয়। আলোচনায় জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মাসুদ বিন মোমেন বিশ্বের সবচেয়ে নিপীড়িত জনগোষ্ঠী রোহিঙ্গাদের প্রতি দায়িত্ব পালনের স্বার্থে এ প্রস্তাব পাস করতে সবাইকে আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.২)।



**১০। বাসস'র ব্যবস্থাপনা সম্পাদক সাংবাদিক শাহরিয়ার শহীদের ইন্তেকাল :**
**রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক**

জাতীয় প্রেসক্লাবের স্থায়ী সদস্য ও বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) ব্যবস্থাপনা সম্পাদক শাহরিয়ার শহিদ ইন্তেকাল করেছেন। গতকাল (১৭ নভেম্বর শনিবার) রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন

অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। তবে মৃত্যুতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা শোক প্রকাশ করেছেন। তাঁরা পৃথক শোকবার্তায় শাহরিয়ার শহীদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান। এদিকে তাঁর মৃত্যুতে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু, প্রতিমন্ত্রী তারানা হালিম এবং তথ্যসচিব আবদুল মালেক গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। সূত্র- **সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** দেশের শতকরা ৪০ ভাগের বেশি মানুষ, বিশেষকরে শিশু ও নারীদের জিংকের ঘাটতি রয়েছে উল্লেখ করে জিংকসমৃদ্ধ ধানচাষে কৃষকদের উৎসাহিত করার সুপারিশ।

**খ.** **সমকাল** : দেশে ১৭ হাজার শিশু টাইপ ওয়ান ডায়াবেটিসে আক্রান্ত এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে ডায়াবেটিস আক্রান্ত শিশুদের জন্য সুলভে চিকিৎসার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

**গ.** **সংবাদ, যায়যায়দিন :** রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে প্রায়ই গ্যাস সিলিন্ডার কিংবা গ্যাসলাইন লিকেজ থেকে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটছে উল্লেখ করে গ্যাসের পাইপলাইন সংস্কার ও জোনভিত্তিক নিয়মিত তদারকি বাড়ানোর সুপারিশ।

**ঘ.** **জনকণ্ঠ** : প্রত্যন্ত অঞ্চলের কৃষকদের দোরগোড়ায় কৃষি সেবা পৌঁছে দিতে দেশের বিভিন্ন ইউনিয়নে কৃষক সেবাকেন্দ্র প্রতিষ্ঠা করা হচ্ছে উল্লেখ করে এগুলোর পূর্ণাঙ্গ বাস্তবায়ন হলে কৃষিক্ষেত্রে বিপ্লব ঘটবে বলে মন্তব্য।

**ঙ.** **নিউ নেশন :** সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীর সংখ্যা দিন দিন কমে যাচ্ছে উল্লেখ করে এর কারণ উদঘাটনের ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, টেকসই উন্নয়নের পূর্বশর্ত হল সুষ্ঠু গণতান্ত্রিক চর্চা এবং রাজনৈতিক দলসহ সমাজের বিভিন্ন স্তরে আস্থার পরিবেশ সৃষ্টি করা।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'পর্যটনশিল্পের সম্ভাবনাকে কাজে লাগাতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আমাদের দেশে পর্যটনশিল্পের বিকাশ ঠিকমতো ও পরিকল্পিতভাবে করতে পারলে সুইজারল্যান্ড, পাতায়া, ব্যাংককের মতো ট্যুরিজম এখানেও গড়ে উঠতে পারে।

#

**ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা**